কুষ্টিয়া সীমান্তে সোনার বারসহ আটক ২

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্ত থেকে সাতটি দ্বিখণ্ডিত সোনার বারসহ দুজনকে আটক করেছে বিজিবি।

আটককৃতরা হলেন, উপজেলার রামকৃষ্ণপুর ইউনিয়নের মরারপাড়া এলাকার আব্দুর রাজ্জাকের ছেলে নজরুল ইসলাম (২০) ও কাজল বিশ্বাসের ছেলে সেলিম রেজা (২২)।

আজ শুক্রবার (১৩ সেপ্টেম্বর) বিজিবির কুষ্টিয়া ব্যাটেলিয়নের অধিনায়ক লে. কর্নেল মাহাবুব মুর্শেদ রহমান এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, আটকদের কাছ থেকে এক কেজি ৩৭৩ গ্রাম ওজনের সাতটি দ্বিখণ্ডিত সোনার বার জব্দ করা হয়। এছাড়া দুটি মোটরসাইকেল, দুটি স্মার্টফোন, নগদ এক হাজার ২২০ টাকা জব্দ করা হয়। গত বৃহস্পতিবার দুপুরে দৌলতপুর উপজেলা সীমান্তবর্তী চিলমারী ইউনিয়নের সুকারঘাট এলাকা থেকে তাদের আটক ও সোনার বারগুলো জব্দ করে চিলমারী বিওপি।

দর্শনা সীমান্তে ২ কোটি ১২ লক্ষ টাকা মূল্যের সোনার বার উদ্ধার

চুয়াডাঙ্গা ৬ বিজিবি সদস্যরা ২ কেজি ৩৮৪ গ্রাম ওজনের ছোট বড় ৫টি সোনার বার আটক করেছে। তবে এ ঘটনায় বিজিবি কোন চারাচালানীকে আটক করতে পারেনী।
গতকাল বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা উপজেলার ঝাঝাডাঙ্গা সীমান্ত এলাকায় চোরাচালান

বিরোধী অভিযান চালিয়ে এই সোনার বারগুলি আটক করে।
চুয়াডাঙ্গা ৬ বিজিবি অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান (পিএসসি) এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, সুলতানপুর বিওপির’র টহল কমান্ডার নায়েক মোঃ রবিউল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে বৃহস্পতিবার সকালে সীমান্তের মেইন পিলার ৭৯ হতে আনুমানিক ২ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে ঝাঝাডাঙ্গা ঈদগাহ সংলগ্ন কবরস্থানের পশ্চিম পার্শ্বে আম বাগানের মধ্যে অবস্থান করে। অবস্থান কালে বেলা ১২ টার দিকে সন্দেহজনক ভাবে উক্ত এলাকা দিয়ে একজন ব্যক্তিকে সীমান্তের শূণ্য লাইনের দিকে যেতে দেখলে বিজিবি টহল দল তাকে ধাওয়া করে। বিজিবি’র উপস্থিতি টের পেয়ে উক্ত ব্যক্তি হাতে থাকা সাদা রংয়ের একটি শপিং ব্যাগ ফেলে দ্রুত দৌড়ে পালিয়ে যায়। বিজিবি সশস্ত্র টহল দল ফেলে যাওয়া ব্যাগটি জব্দ করে। জব্দকৃত শপিং ব্যাগটি তল্লাশী করে স্কচটেপ দ্বারা মোড়ানো ০৩টি প্যাকেট হতে ০২ কেজি ৩৮৪ গ্রাম (২০৪.৩৯ ভরি) ওজনের ছোট বড় ০৫টি স্বর্ণের বার আটক করতে সক্ষম হয়। এই বারগুলির বাজার মৃল্যে ২ কোটি ১২ লক্ষ টাকা

এ ব্যাপারে নায়েক মোঃ রবিউল ইসলাম বাদী হয়ে দর্শনা থানায় মামলা করেছে এবং আটককৃত স্বর্ণের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুরে ৬টি সোনার বারসহ ২ জনকে আটক

ভারতে পাচারকালে ৪৭ লাখ টাকা মূল্যের ৬টি সোনার বারসহ ২ পাচারকারীকে আটক করেছে মেহেরপুর পুলিশ।
বুধবার ভোর পৌণে ৬ টার দিকে মেহেরপুর শহরের বড়বাজার এলাকার শিব মন্দিরের সামনে সদর থানা পুলিশের একটি টিম এ অভিযান পরিচালনা করেন।

আটকরা হলেন, নারায়নগঞ্জের বন্দর এলাকার মৃত আব্দুল মান্নানের ছেলে মাসুদ রানা (২৪) ও ঢাকার ১৮ নয়াতলা-মগবাজার এলাকার শেখ

আশরাফুল কবীরের স্ত্রী কানিজ ফাতেমা (৪০)। উদ্ধারকৃত সোনার বারের মূল্য ৪৬ লক্ষ ৮০ হাজার টাকা বলে জানান পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম জানান, আটকরা ঢাকা থেকে বাসে করে এসে নেমে মেহেরপুর শহর হয়ে কাথুলী বাসস্ট্যান্ডের উদ্দ্যেশে রওনা দেয়। শহরের বড় বাজার এলাকার শিব মন্দিরের সামনে সদর থানার টহল পুলিশের উপপরিদর্শক (এসআই) ফরিদ ও এএসআই মিঠুনের সামনে পড়লে তাদের দেখে সন্দেহ হয়।

পরে তাদের শরীর তল্লাশী করলে থেকে কালো কসটেপ মোড়ানো ৬টি সোনার বার উদ্ধার হয়। তাদের প্রাথমিক জিজ্ঞাসাবাদ করা হয়েছে। তারা মেহেরপুর সীমান্তের একজন ইউপি সদস্যের মাধ্যমে ভারতে পাচারের উদ্দ্যেশ্যে যাচ্ছিল বলে প্রাথমিকভাবে জানিয়েছেন তারা। তবে তদন্তের স্বার্থে ওই ইউপি সদস্য নাম বলা যাচ্ছে না।

তিনি আরো বলেন, এ ঘটনায় সদর থানায় একটি মামলা দিয়ে আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে।